



ডিন অফিস  
বিজ্ঞান অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

Tel : 58614919  
PABX : 9661900-72/4344, 4345  
Fax : 880-2-58614919  
E-mail : deansc@du.ac.bd

নং বি: অনু: /২০১৯-২০২০

তারিখ: ৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি ক-ইউনিট ভর্তি: ২০১৯-২০২০

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ক-ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটসমূহে ভর্তি না হওয়া এবং ভর্তি বাতিল করায় শূন্য আসনসমূহ পূরণের জন্য ২য় তালিকা প্রকাশ করা হলো। তালিকায় শিক্ষার্থীদের ভর্তির জন্য মনোনীত বিভাগ/ইনস্টিটিউট ও হলের নাম উল্লেখ রয়েছে।

ভর্তির জন্য অনুমতিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নলিখিত কাগজপত্রসমূহ নিয়ে আগামী ২২/০১/২০২০ তারিখ হতে ভর্তির জন্য মনোনীত বিভাগ/ ইনস্টিটিউটে উপস্থিত হয়ে ২৯/০১/২০২০ তারিখের মধ্যে জনতা ব্যাংক লিমিটেড, ঢাকা বিশ্ববিদ্যালয় (ডি.এস.সি) শাখায় টাকা জমা দিয়ে নিজ দায়িত্বে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

- (ক) ডিন অফিস কর্তৃক Transcript Received সিলযুক্ত ক-ইউনিট ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
- (খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার Academic Transcripts- এর ফটোকপি (দুইটি)
- (গ) এইচ.এস.সি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি (দুইটি)
- (ঘ) পাসপোর্ট সাইজের ছবি (৬ কপি)
- (ঙ) অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র যে কোন গেজেটেড অফিসার/ ওয়ার্ড কমিশনার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ কর্মরত প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত)
- (চ) শিক্ষার্থীর সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান কর্তৃক চারিত্রিক সনদ (Testimonial)

এ সময়সীমার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে তাদের ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। ভর্তির তারিখ কোনক্রমেই বৃদ্ধি করা হবে না; এ সংক্রান্ত তথ্যাদির জন্য শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট ও হলের সাথে যোগাযোগ রাখতে হবে।

গত ০৮/০১/২০২০ তারিখ বুধবার থেকে ক-ইউনিটভুক্ত বিভাগ/ইনস্টিটিউটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাশ শুরু হয়েছে, যথারীতি ক্লাশে উপস্থিত হয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেয়া হলো।

অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী  
ডিন, বিজ্ঞান অনুষদ এবং সমন্বয়কারী  
ক-ইউনিট ভর্তি: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ  
ঢাকা বিশ্ববিদ্যালয়